

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

আশ্রয়ণ-২ প্রকল্প

তেজগাঁও, ঢাকা।

নং - ০৩.৭০১.০১৮.০০.০০.১১২৫.২০১৫-১১০০

তারিখ : ১৩/০১/২০১৬ খ্রিঃ

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা

প্রধানমন্ত্রীর কার্যালয়

সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : ২০১৫-১৬ অর্থ বছরে আশ্রয়ণ-২ প্রকল্পের “যার জমি আছে ঘর নাই তার নিজ জমিতে ঘর নির্মাণ” উপ-খাতের আওতায় নীলফামারী জেলার কিশোরগঞ্জ উপজেলায় ভিক্ষুকদের জন্য ১৫ টি ঘর নির্মাণ ব্যয় নির্বাহের জন্য উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে অর্থ বরাদ্দ।

মহোদয়,

আমি নীলফামারী জেলার কিশোরগঞ্জ উপজেলার “যার জমি আছে ঘর নাই তার নিজ জমিতে ঘর নির্মাণ” উপ-খাতের আওতায় উপজেলা নির্বাহী অফিসার প্রেরিত তালিকা হতে প্রথম পর্যায়ে মোট ১৫ টি ঘর নির্মাণ ব্যয় নির্বাহের জন্য উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে ১১,২৫,০০০.০০ (এগার লক্ষ পঁচিশ হাজার) টাকা বরাদ্দ প্রদান করছি এবং উক্ত অর্থ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ব্যয়ের নিমিত্ত সংশ্লিষ্ট জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার বরাবরে অথরিটি প্রেরণের জন্য তাঁকে অনুরোধ

ক্রঃ নং	জেলা	উপজেলা	ইউনিয়নের নাম ও ওয়ার্ড নং	উপকারভোগীর নাম	পিতা/স্বামীর নাম	বরাদ্দকৃত ঘরের সংখ্যা	বরাদ্দকৃত অর্থ
১	নীলফামারী	কিশোরগঞ্জ	বড়ভিটা/২	জাহেদা বেগম	মৃত রেয়াজ উদ্দিন	১	৭৫০০০.০০
২	নীলফামারী	কিশোরগঞ্জ	বড়ভিটা/৩	অহেলা বেগম	মৃত সুবান উদ্দিন	১	৭৫০০০.০০
৩	নীলফামারী	কিশোরগঞ্জ	বড়ভিটা/৭	জয়মালা	রামপ্রসাদ	১	৭৫০০০.০০
৪	নীলফামারী	কিশোরগঞ্জ	বড়ভিটা/৭	ছোড়তোন	বাবু	১	৭৫০০০.০০
৫	নীলফামারী	কিশোরগঞ্জ	বড়ভিটা/৮	মোমেনা	হেছামুদ্দিন	১	৭৫০০০.০০
৬	নীলফামারী	কিশোরগঞ্জ	পুটিমারী/২	হামিদা	ওবায়দুল	১	৭৫০০০.০০
৭	নীলফামারী	কিশোরগঞ্জ	পুটিমারী/৩	তৈলক্ষ চক্রবর্তী	পিতাম্বর	১	৭৫০০০.০০
৮	নীলফামারী	কিশোরগঞ্জ	পুটিমারী/৫	হান্নান মামুদ	মৃত. ছমর উদ্দিন	১	৭৫০০০.০০
৯	নীলফামারী	কিশোরগঞ্জ	পুটিমারী/৭	আহেলা বেওয়া	শহির উদ্দিন	১	৭৫০০০.০০
১০	নীলফামারী	কিশোরগঞ্জ	পুটিমারী/৮	হালি	গপুর	১	৭৫০০০.০০
১১	নীলফামারী	কিশোরগঞ্জ	নিতাই/১	সহির উদ্দিন	সবরত	১	৭৫০০০.০০
১২	নীলফামারী	কিশোরগঞ্জ	নিতাই/৩	আতাউর রহমান	রহমান	১	৭৫০০০.০০
১৩	নীলফামারী	কিশোরগঞ্জ	নিতাই/৪	নেকছার	ময়েন উদ্দিন	১	৭৫০০০.০০
১৪	নীলফামারী	কিশোরগঞ্জ	নিতাই/৭	ফাতেমা	মজিবর	১	৭৫০০০.০০
১৫	নীলফামারী	কিশোরগঞ্জ	নিতাই/৮	কালটি	মৃত নেছুয়া	১	৭৫০০০.০০
মোট						১৫	১১২৫০০০.০০
কথায় : এগার লক্ষ পঁচিশ হাজার টাকা মাত্র।							

২। প্রেরিত প্ল্যান, ডিজাইন ও প্রাক্কলন মোতাবেক গুণগতমান বজায় রেখে আগামী ৩০.০৪.২০১৬ ইং তারিখের মধ্যে নির্মাণ কাজ সমাপ্ত করতে হবে। উল্লেখ্য যে, উপকারভোগীর সাথে পরামর্শ করে মূল কাঠামো পরিবর্তন না করে দরজা, জানালা এবং সুবিধাজনক স্থানে স্থানান্তর করা যেতে পারে।

৩। উপজেলা টাস্কফোর্স কমিটির মাধ্যমে কাজটি বাস্তবায়ন করতে হবে এবং এর সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার এই অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। তিনি নিরীক্ষা দলের নিরীক্ষার জন্য প্রয়োজনীয় নথিপত্র সংরক্ষণ করবেন এবং অর্থ ব্যয় ও এর যথাযথ হিসাব সংরক্ষণের জন্য দায়ী থাকবেন।

৪। “পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮” (সংশোধিত ২০০৯) এবং টেন্ডার ও অর্থ ব্যয় সংক্রান্ত সরকারী আর্থিক বিধি ও পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৫। উপজেলা নির্বাহী অফিসার কার্যাদেশ প্রদানের পর প্রকল্পের কাজ শেষ না হওয়া পর্যন্ত মাসিক অগ্রগতির প্রতিবেদন পরবর্তী মাসের ১ম সপ্তাহে অত্র দপ্তরে পৌঁছানো নিশ্চিত করবেন।

৬। এই ব্যয় ৭০০০ নির্মাণ ও পূর্ত খাতের আওতাধীন ৭০১১-“যার জমি আছে ঘর নাই সেক্ষেত্রে সেমি পাকা ঘর নির্মাণ” উপ-খাতে ১ম ও ২য় কিস্তিতে ছাড়কৃত অর্থ হইতে নির্বাহ করা হবে।

৭। এই ব্যয় ২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের গ্রান্ট নং ০২ কোড নং ৫-০৩৩১-৬৫৩০-৭০১১ আশ্রয়ণ-২ প্রকল্প হতে সংকুলান করা হবে।

৮। কাজটি সম্পাদনের পর কোন অর্থ উদ্বৃত্ত থাকলে তা ৩০শে জুন, ২০১৬ এর পূর্বে চালানের মাধ্যমে ১/০৩০১/০০০২/২৬৭১ নং কোডে সরকারী কোষাগারে জমা করে চালানের কপি এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৯। জাতীয় রাজস্ব বোর্ডের বিশেষ আদেশ নং-১৫/মূসক/২০১৪/২২৪(১) তারিখঃ ২৮/০৪/২০১৪ খ্রিঃ এবং স্মারক নং-০৮.০১.০০০০.০৩৪.০৫.০০৯.১২-৩০৬ তারিখঃ ৩০/০৪/২০১৪ খ্রিঃ মোতাবেক আশ্রয়ণ-২ প্রকল্পের অধীনে ক্রয়কৃত পণ্য সামগ্রীর উপর মূসক ও আয়কর অব্যাহতি প্রদান করা হয়েছে।

১০। প্রকল্প পরিচালকের স্বাক্ষরের সহিত “emboss” সীল দেখে বরাদ্দ পত্রের যথার্থতা নিশ্চিত করতে হবে।

সংযুক্ত : প্লান, ডিজাইন ও প্রাক্কলন নিম্নোক্ত ওয়েবসাইট থেকে পাওয়া যাবে।

www.ashrayanpmo.gov.bd

Download (Click)

Estimate & Design (Owner's Land)

আপনার বিশ্বস্ত,

(মোঃ জাহিরুল হক)

প্রকল্প পরিচালক(অতিরিক্ত সচিব)

ফোন : ৯১২৪১০০০

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রকল্প পরিচালক, একটি বাড়ী একটি খামার প্রকল্প, কাওরান বাজার, ঢাকা।

২। বিভাগীয় কমিশনার, রংপুর।

৩। জেলা প্রশাসক, নীলফামারী।

৪। উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ/নীলফামারী।

৫। উপজেলা প্রকৌশলী/প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কিশোরগঞ্জ/নীলফামারী।

৬। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কিশোরগঞ্জ/নীলফামারী (বরাদ্দকৃত অর্থ ব্যয়ের পর হিসাবভুক্তির জন্য অনুরোধ করা হ'ল)।

৭। প্রকল্প নথি/অফিস কপি।